# এপ্রিল/২০১৯ মাসের দিনাজপুর সদর উপজেলার এনজিও কর্ম তৎপরতা সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ ফিরুজুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
দিনাজপুর সদর, দিনাজপুর।
সভার তারিখ ঃ ২৫/০৪/২০১৯ খ্রিঃ।
সময় ঃ ১১.০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।

**সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক'- তে সন্নিবেশিত হল ঃ**

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্য-বিবরণী সভায় পাঠ করে শুনানো হয়।

**আলোচনা ঃ সভাপতির অনুমতিক্রমে 'বুরো বাংলাদেশ'** সংস্থা মাল্টিমিডিয়া প্রেজেন্টেশনের মাধ্যমে সংস্থার পরিচিতি ও দিনাজপুর সদর উপজেলায় তাদের কর্ম পরিচালনার বিবরণ উপস্থাপন করেন। সভাপতি গত মাসের প্রতিবেদন পরবর্তী মাসের ১ হতে ৭ তারিখের মধ্যে দাখিলের বিষয়ে উপস্থিত সকলকে অনুরোধ করেন।

**নিম্নে দিনাজপুর সদর উপজেলার এনজিও সমূহের মার্চ/২০১৯ মাসের মাসিক প্রতিবেদন বাস্তবায়িত প্রকল্পের তথ্যাবলী প্রদত্ত হলোঃ**

| সংস্থার নাম | কার্যক্রমের বিবরণ | বিবেচ্য মাসে সংস্থার উল্লেখযোগ্য সমূহ | কর্ম এলাকা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| সনাক | (১) শিক্ষা কার্যক্রম | প্রতিষ্ঠানিক স্বচ্ছ, জবাবদিহিতা বৃদ্ধি, প্রাথমিক শিক্ষার মানোন্নয়ন ও এসএমসিকে আরও কার্যকর করাসহ অভিভাবক সচেতনতা বৃদ্ধির লক্ষে পূর্ব রামনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বিশেষ বিশেষ মায়েদের নিয়ে গঠিত একটিভ মাদারস ফোরাম এর সাথে এক মতবিনিময় সভা ২৪এপ্রিল, ২০১৯ বিদ্যালয় ক্যাচমেন্ট এলাকায় অনুষ্ঠিত হয়। | দিনাজপুর সদর | |
| | (২) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা | ➢ জনগণের সঠিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে ও স্বাস্থ্য সচেতনাতা বৃদ্ধির লক্ষ্যে দিনাজপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের সেবা সম্পর্কিত তথ্যপত্র বিতরণ বিষয়ক ক্যাম্পেইন ৯ এপ্রিল ২০১৯ হাসপাতাল চত্বরে অনুষ্ঠিত হয়।<br>➢ স্বাস্থ্য সেবার মানোন্নয়নের লক্ষে ও বিভিন্ন সময়ে হাসপাতালের সেবা সম্পর্কিত সেবাগ্রহীতাদের বিভিন্ন অভিযোগ তুলে ধরে সমাধানের উদ্দেশ্যে ১৮ এপ্রিল ২০১৯ তত্বাবধায়কের সভাকক্ষে সনাকে'র সাথে হাসপাতাল কর্তৃপক্ষের এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। | | |
| মেরী স্টোপস ক্লিনিক | (১) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম | বিবেচ্য মাসে প্রসবকালীন স্বাস্থ্য সেবা দেওয়া হয় ৬৫ জনকে এবং যৌন সংক্রমন চিকিৎসা সেবা দেওয়া হয় ৬৬ জনকে। | দিনাজপুর সদর | |
| | (২) নিরাপদ এমআর করণ | বিবেচ্য মাসে ১১৪ জনকে নিরাপদ এমআর সেবা প্রদান করা হয়। | | |
| জেএসকেএস সংস্থা | ❖ যুব সমাবেশের মাধ্যমে দল গঠন | বিবেচ্য মাসে যুব সমাবেশ করা হয়ছে ৪টি ইউনিয়নে মোটি ৩৫টি। এখন প্রতিটি ইউনিয়নে যুব সমাবেশের মাধ্যমে গ্রুপ ফরমেশন চলমান রয়েছে। | দিনাজপুর সদর | |
| নুরমিশন বাংলাদেশ | (১) ল্যাট্রিন বিতরণ | বরাদ্দ না আসায় বিবেচ্য মাসে কার্যক্রম ছিল না। | দিনাজপুর সদর। | |
| | (২) শিক্ষা কার্যক্রম | বিবেচ্য মাসে উচ্চ শিক্ষা সহায়তা প্রদান ও নার্সিং/বিডিএস সহায়তা প্রদান কোয়াটারলী ভিত্তিতে বাস্তবায়ন করা হয়। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| আমইর চাইল্ড ডেভেলপমেন্ট স্পন্সরশীপ প্রোগ্রাম, বিডি- ২৪৫ | (১) শিক্ষা কার্যক্রম<br><br>(২) পুষ্টিকর খাবার প্রদান<br>(৩) সংস্কৃতিক কার্যক্রম | ১৯২ জন শিশু দিনাজপুরের মোট ৮টি স্কুলে পড়াশুনা করছে। ৬ জন শিক্ষকের মাধ্যমে সকালে ও বিকালে কোচিং ক্লাশ করানো হয়।<br>১৯২জন শিশুকে ৩ দিন খাবার তালিকা অনুযায়ী ভাত, ডিম, মাছ, মাংশ, ডাল ও ফল খাওয়ানো হয়।<br>৫৬ জন শিশুকে সপ্তাহে ৩ (তিন) দিন নাচ ও গান শিখানো হয়। | দিনাজপুর সদর। | |
| দি লেপ্রসী মিশন বাংলাদেশ | (১) স্যানিটেশন কার্যক্রম<br>(২) প্রতিবন্ধী কার্যক্রম<br><br>(৩) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম<br>(৪) প্রশিক্ষণ কার্যক্রম | বিবেচ্য মাসে স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহারে সদস্যদের বিভিন্ন মুখী কর্মের মাধ্যমে উদ্বুদ্ধকরণ ও সচেতনতা বৃদ্ধি করা হয়।<br>বিবেচ্য মাসে কুষ্ঠ ও অন্যান্য শারিরীক প্রতিবন্ধীদের নিয়ে দল গঠন ও শক্তিশালীকরণ কার্যক্রম চলমান রয়েছে মোট ২৬ টি দল চলমান আছে। যার সদস্য সংখ্যা ২৭১ জন।<br>বিবেচ্য মাসে ২৩ জন নতুন সন্দেহভাজন রোগী হাসপাতালে প্রেরণ করা হয় এবং তাদের মধ্যে ০৬ জন কুষ্ঠ রোগী সনাক্ত করা হয়।<br>বিবেচ্য মাসে প্রতিবন্ধী সদস্য ও তাদের পরিবারের সদস্যদের সমাজ ভিত্তিক কারিগরী প্রশিক্ষনের মাধ্যমে জীবন জীবিকার মান উন্নয়ন সহায়তাকরণ সর্ম্পকে অবহিত করা হয় | দিনাজপুর সদর উপজেলা | |
| সোসাইটি ফর উদ্যোগ | (১) ঋণ কার্যক্রম<br><br><br>(৩) স্যানিটেশন কার্যক্রম<br>(৪) নারী নির্যাতন প্রতিরোধ ও নারীর ক্ষমতায়ন<br><br>(৫) কৃষি ও পরিবেশ | বিবেচ্য মাসে ৬৮ জনকে ২১,৫৫,০০০/- টাকা ঋণ দেয়া হয়। ঋণ আদায় করা হয় ২২,৮৩,০৮৫/- টাকা। সঞ্চয় আদায় করা হয় ২,৫৭,২৭৩/- টাকা এবং সঞ্চয় ফেরত প্রদান করা হয় ১,৯৩,৫৬২/- টাকা।<br>বিবেচ্য মাসে উঠান বৈঠকে সদস্যদের স্যানিটেশনে উদ্বদ্ধ করা হয়।<br>১ নং চেহেলগাজী ও ৪নং শেখপুরা ইউনিয়নে নারীর অধিকার আদায়, নারী শিক্ষা, বাল্যবিবাহ, যৌতুক, তালাক, বিরোধ নিস্পত্তি ইত্যাদি বিষয়ে দলিও সদস্যদের উদ্বুদ্ধ করা হয়।<br><br>বিবেচ্য মাসে নশিপুর নদিয়া পাড়ায় ২৫ জন কৃষককে চলতি মৌসুমে ভুট্টা এবং বরো ধান লাইনে রোপন ও মাটি পরিক্ষা করে পরিমিত রসায়নিক সার ও জৈব সার বোরো জমিতে প্রয়োগের পরামর্শ প্রদান করা হয়। | পৌরসভা<br>১নং ইউপি<br>৪নং ইউপি | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদেয়ের অনুরোধ করা হলো। |
| এফপিএবি | (১) স্বাস্থ্য কার্যক্রম<br><br>(২) চিকিৎসা প্রদান কার্যক্রম | বিবেচ্য মাসে স্থায়ী পদ্ধতি গ্রহণকারী পুরুষ- ০১ জন এবং নারী- ১০ জন।<br>বিবেচ্য মাসে সাধারণ রোগের চিকিৎসা সেবা প্রদান করা হয় ৯৭২ জনকে এবং ৪টি পরিবার উন্নয়ন কেন্দ্রে ৮০০০/- টাকার বিনা মূল্যে ঔষধ প্রদান করা হয়। | দিনাজপুর সদর | |
| সিডিএ | ❖ কৃষি ও পরিবেশ এবং অন্যান্য কার্যক্রম | বিবেচ্য মাসে সামিতির সাপ্তাহিক সভা অনুষ্ঠিত হয় ৪০টি, জনসংগঠনের সাধারন পরিষদের সভা অনুষ্ঠিত হয় ১২টি, জনসংগঠনের নির্বাহী পরিষদের সভা অনুষ্ঠিত হয় ১৬টি, জনসংগঠন সাধারণ সভায় ফিল্পচার্ট প্রদর্শন করা হয়েছে ২টি।<br>এছাড়া বিবেচ্য মাসে আইন সহায়তা প্রদান করা হয়েছে - ০১টি এবং প্রশিক্ষণ প্রদান কার্যক্রম সম্পন্ন করা হয়েছে - ০২ টি। | দিনাজপুর সদর। | |
| বিএসডিএ | (১) ঋণ কার্যক্রম<br><br><br>(২) শিক্ষা কার্যক্রম | বিবেচ্য মাসে ক্ষুদ্রঋণ দেওয়া হয় ৯,৭০,০০০/- টাকা এবং কৃষি ঋণ দেওয়া হয় ৩,২০,০০০/- টাকা। (কত জনের মধ্যে ঋণের টাকা বিতরণ করা হয় তা উল্লেখ করা হয়নি)<br><br>বর্তমানে বিএসডিএ-ব্র্যাক প্রাইমারী স্কুল সংখ্যা ৬০টি, ছাত্র/ছাত্রী সংখ্যা ১৬৫০জন। ৪২ জন শিক্ষিকাকে বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয় এবং ৪৫টি অভিভাবক সভা করা হয়েছে। | দিনাজপুর সদর। | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |

| | | | | |
|---|---|---|---|---|
| মশীহপাড়া চাইল্ড ডেভেলপমেন্ট স্পন্সরশীপ প্রোগ্রাম, বিডি- ২২৫ | (১) সামাজিক শিক্ষা কার্যক্রম<br><br>(২) জাতীয় শিক্ষা কার্যক্রম<br><br>(৩) বাড়ি পরিদর্শন | বয়স অনুযায়ী শিশুদের সামাজিক সচেতনতা শিক্ষা প্রদান করা হয়েছে।<br>৬-৮ বছরে= ক) ভাল বন্ধু হওয়া খ) বাড়ীতে খাদ্য সংরক্ষণ, গ) ব্যবসা সম্পর্কে ধারণা।<br>৯-১১ বছর= ক) পানির উৎসগুলো রক্ষা করা, খ) পরিবেশগত সমস্যা সমাধানের উপায়<br>১৬০ জন শিশু দিনাজপুরের বিভিন্ন প্রাইমারী স্কুল, কিন্ডার গার্টেন, হাই স্কুলে ও কলেজে লেখাপড়া করছে। সপ্তাহের ৫দিন ২ঘন্টা ৩ জন স্পেশালিস্ট শিক্ষকের মাধ্যমে ৮ম- দ্বাদশ শ্রেনী পর্যন্ত স্পেশাল শিক্ষা প্রদান করা হচ্ছে।<br>চলতি মাসে প্রকল্পের ৩২ টি শিশুর বাড়ি পরিদর্শনে যাওয়া হয়। এবারের মূল বিষয় ছিল শিশুর উপস্থিতি, অভিভাবক সমাবেশ ও এস.এস.সি পরীক্ষা বিষয়ে গুরুত্বারোপ। | দিনাজপুর সদর। | |
| এমবিএসকে | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম<br><br>(৩) শিক্ষা কার্যক্রম প্রশিক্ষণ সহ<br><br>(৪) স্যানিটেশন কার্যক্রম<br><br>(৩) প্রবীন জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন | বিবেচ্য মাসে আয় বর্ধনমূলক খাতে ১৮.১০ কোটি টাকা, জীবনযাত্রার মানোন্নয়ন খাতে ৭৫.১৫ কোটি টাকা ও সম্পদ সৃষ্টি খাতে ২.০৩ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>৫ নং শশরা ইউনিয়নের ৬৬৪২টি খানার মধ্যে ২৮০০০ জন উপকারভোগী রয়েছে। উক্ত ইউনিয়নে ১০০% স্বাস্থ্যসেবা নিশ্চিত করণের লক্ষ্যে ০২জন এমবিবিএস ডাক্তার, ০২ জন প্যারামেডিকেল ডাক্তার এবং ১৪ জন স্বাস্থ্য সহকারীর মাধ্যমে প্রতিনিয়নত স্বাস্থ্যসেবা প্রদান করা হচ্ছে।<br>৫ নং শশরা ইউনিয়নের ১৯ টি গ্রামে ৫১ টি বিদ্যালয়ে ৫১ জন শিক্ষাকার মাধ্যমে মোট ১১৩৫ জন ছাত্র ছাত্রীকে শিক্ষা প্রদান করা হচ্ছে।<br>দরিদ্র জনগোষ্ঠীর স্যানিটেশন পণ্য ক্রয় করার জন্য অর্থের যোগান দিয়ে উন্নত ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবহারে অভিগম্যতা বৃদ্ধি করার লক্ষ্যে সংস্থা স্যানিটেশন উন্নয়ন প্রকল্প (SDL) বাস্তবায়ন করছে।<br>প্রবীন জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় চলতি মাসে ৭৯ জন অসহায় শারীরীকভাবে প্রতিবন্ধী প্রবীন ব্যক্তিকে ৫৫০ টাকা করে বয়স্ক ভাতা প্রদান করা হয়। এ পর্যন্ত ৩৮০০০০ টাকা বয়স্ক ভাতা প্রদান করা হয়। | দিনাজপুর সদর ও ৫ নং শশরা ইউপি | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |
| ওয়ার্ল্ড ভিশনবাংলাদেশ, নর্দান বাংলাদেশ রিজিওনাল ইন্টিগ্রেটেড কমিউনিটি ডেভেলপমেন্ট প্রকল্প | স্বাস্থ্য, পুষ্টি, নিরাপদ পানি ও পয়: নিষ্কাশন কর্মসুচী<br><br>জীবিকায়ন ও অর্থনৈতিক উন্নয়ন কর্মসুচী | ❖ শিশুর পুষ্টি কর্মসূচীর আওতায় জনসচেতনতা বৃদ্ধির জন্য মিটিং এ অংশগ্রহনকারী ৫২১ জন।<br>❖ পুষ্টি কর্মসূচি (শিশুর ওজন পরিমাপের মাধ্যমে শিশুর পুষ্ট মান নির্নয় ও শিশুর মাকে নিয়ে সচেতনতা/ অভ্যাস পরিবর্তনের জন্য সেশন)-৪১৫১জন (শিশু)<br>❖ শিশুর জন্য পুষ্টি কার্যক্রমের আওতায় হার্থ সেশন- অংশগ্রহনকারী শিশুর মায়েদের অংশগ্রহণ- ৩৬৯ জন।<br>❖ নিরাপদ মাতৃত্ব বিষয়ে ৫০ মা'কে নিয়ে সচেতনতামূলক সেশন পরিচালনা।<br>❖ খাদ্যাভাস পরির্বতনের জন্য মাদের সাথে সেশন- অংশগ্রহনকারী- ১৮০ জন মা।<br>❖ ক্ষুদ্র ব্যবসা বিষয়ক ২৫ জন হত দরিদ্র লক্ষিত পরিবারের সদস্যের প্রশিক্ষণ প্রদান।<br>❖ বসত বাড়ীতে পুষ্টি বিষয়ক সবজি চাষ বিষয়ক ৯৮ জন হত-দরিদ্র লক্ষিত পরিবারের সদস্যের প্রশিক্ষণ প্রদান<br>❖ বসত বাড়ীতে সবজি চাষের জন্য ৩০০ জন হত দরিদ্র লক্ষিত পরিবারের সদস্যকে সবজি বীজ প্রদান<br>❖ আত্ন-কর্ম সংস্থান বৃদ্ধির জন্য ২৯৭ জন হত-দরিদ্র লক্ষিত পরিবারের সদস্যদের প্রশিক্ষণ প্রদান।<br>❖ আত্ন-বিশ্বাস ও সক্ষমতা বৃদ্ধির জন্য ৪৭৭ জন হত-দরিদ্র পরিবারের সদস্যের প্রশিক্ষণ প্রদান। | পৌরসভা, আউলিয়া পুর, চেহেলগাজী শেখপুরা ইউনিয়ন | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ❖ বাজার উন্নয়ন ও বিপনন কার্যক্রমের আওতায় ৩৮৩ লক্ষিত পরিবারের সদস্যকে প্রশিক্ষণ প্রদান।<br>❖ আত্ন-কর্ম সংস্থান বিয়য় কাযক্রম পরিচালনার জন্য ১১ সহায়তাকারীদের পারিশ্রমিক প্রদান<br>❖ বর্ণাঢ্য র‍্যালি, আলোচনা সভা ও মহড়া অনুষ্ঠানে অংশগ্রহনপূর্বক জেলা প্রশাসনের সাথে জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস পালন | | |
| অরবিন্দু শিশু হাসপাতাল | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম | বিবেচ্য মাসে বহিঃ বিভাগে ২,৫৯৫ জনকে সেবা দেওয়া হয় এবং আন্তঃ বিভাগে ৬৪৬ জনকে স্বাস্থ্য সেবা দেওয়া হয়। | দিনাজপুর | |
| ডেমক্রেসি ওয়াচ | নারীর উন্নয়ন ও ক্ষমতায়ন | ➢ নির্বাচিত নারী জনপ্রতিনিধিরা স্থানীয় সেবার মান উন্নয়নে এবং দারিদ্রতা দূরীকরণে জনগণের কাছে দায়বদ্ধ থেকে সাবেক এবং ভবিষৎ নারী প্রতিনিধিদের সঙ্গে নিয়ে নারী ক্ষমাতায়নে সুনির্দিষ্ট ভূমিকা রাখবে।<br>➢ নারী বান্ধব উন্নয়ন, সেবা প্রদান ব্যবস্থার উন্নয় এবং নারীর ক্ষমতায়নের লক্ষ্যে সহায়ক আইনি কাঠামো, জনসমর্থন ও রাজনৈতিক সদিচ্ছা অর্জন করা। | দিনাজপুর সদর | |
| এনডিএফ | (১) শিক্ষা সাপোর্ট কার্যক্রম<br><br>(২) সভা সেমিনার | ১জন অটোমেটিভ এবং ২য় জন মেশিনিস্ট ট্রেডে টাঙ্গাইলে সোসাইটি ফর সোস্যাল সার্ভিস (এসএসএস) কারিগরিতে ১ বছর মেয়াদি প্রশিক্ষণ গ্রহণ করছেন।<br>ওয়ার্ল্ড ভিশন কর্তৃক আয়োজিত গ্রাম ও শহর উন্নয়ন কমিটির বাৎসরিক সভায় ৪০ জন অংশগ্রহণকারী ছিলেন। | দিনাজপুর সদর | |
| ওয়াইডাব্লিউসিএ | ১। শিক্ষা কার্যক্রম<br><br>২। ঋণ কার্যক্রম | নার্সারী ও ফ্রি স্কুলের ছাত্র-ছাত্রীদের প্রথম সাময়িক পরীক্ষা গ্রহণ করা হয়েছে এবং পরীক্ষার ফলাফল ঘোষণা করা হয়েছে।<br>বিবেচ্য মাসে ৩২ জনকে ৫,৩৮,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। এমাসে ঋণ আদায় করা হয় ৩,৩৬,০৪১/- টাকা। সঞ্চয় আদায় হয় ৪১,০৫০/- টাকা। | দিনাজপুর সদর | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদেয়ের অনুরোধ করা হলো। |
| পল্লীশ্রী | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) বাল্য বিবাহ রোধ কার্যক্রম<br><br>(৩) সভা কার্যক্রম | বিবেচ্য মাসে ৭২,২৫,০০০/- টাকা ঋণ বিতরণ ও ৬৯,৩২,২৩৩/- টাকা ঋণ আদায় করা হয়।<br>বিবেচ্য মাসে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধের বিষয় নিয়ে আলোচনা করায় ১১৩ জন সদস্যের মধ্যে সচেতনতা বৃদ্ধি পাওয়ায় ৮০ জন যুব সদস্য বাল্য বিবাহ করবে না বলে অঙ্গিকার করেছে।<br>বিবেচ্য মাসে নারী ক্লাবে ০৫টি সভা হয়েছে। সভার আলোচ্য বিষয় ছিল- সরকারি বেসরকারি ও স্থানীয় পর্যায়ে সেবা সমূহ। এছাড়া আদর্শগ্রমে ০১টি ও আদিবাসী সংগঠনে ২৪টি মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। | দিনাজপুর সদর। | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |
| অনুঘটক | (১) বনায়ন কার্যক্রম<br><br>(২) মাদক বিরোধী ও ধুমপান বিরোধী কার্যক্রম | বিবেচ্য মাসে পরিবেশ বান্ধব নার্সারী করা হয় ০৫ টি।<br><br>বিবেচ্য মাসে মাদকজাত দ্রব্য জনসচেতনতা সভা করা হয় ০১টি। | দিনাজপুর সদর | |
| গাওসুল আযম বিএনএসবি আই হসপিটাল | (১) আই কেয়ার সাপোর্ট<br><br>(২) কাতার ক্রিয়েটিং ভিশন | বিবেচ্য মাসে ২৯ ক্যাম্প রোগীর চোখ অপারেশন করা হয়। এছাড়া পিইসিতে ২০২১ জন রোগীর চক্ষু পরীক্ষা করা হয় এবং ২৪ জন রোগীর চক্ষু অপারেশন করা হয়। ১৭৬ দরিদ্র রোগীদের বিনামূলে চক্ষু সেবা প্রদান করা হয়।<br>বিবেচ্য মাসে ৫৫০৪ শিশুর চোখ স্ক্রীনিং, ৩৫৮ শিশুর গ্লাস প্রেসক্রাইবড, ১০৪ জন শিশুর হাসপাতাল/ভিশন সেন্টার থেকে গ্লাস প্রোভাইড এবং ১৫ জন দরিদ্র শিশুর চক্ষু সেবা সংক্রান্ত আর্থিক সহায়তা প্রদান করা হয়। | দিনাজপুর সদর | |
| সিডিডি | (১) সুদমুক্ত ঋণ কার্যক্রম | বিবেচ্য মাসে ৭১ জন প্রতিবন্ধী ব্যক্তিকে আয় বৃদ্ধিমূলক কাজেরে জন্য সুদমুক্ত ঋণ প্রদান করা হয়েছে এবং তাদের ব্যবসা ফলোআপ করা হয়েছে। | দিনাজপুর পৌরসভা. ও | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না |

| | | | | |
|---|---|---|---|---|
| | (২) শিক্ষা কার্যক্রম<br><br>(৩) নারী নির্যাতন প্রতিরোধ ও নারীর ক্ষমতায়ন<br><br>(৪) প্রতিবন্ধী কার্যক্রম | বিবেচ্য মাসে ৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৩ টি উচ্চ বিদ্যালয়ের প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা বিষয়ক কার্যক্রম ফলোআপ করা হয়েছে।<br>বিবেচ্য মাসে ৪নং শেখপুরা ইউনিয়নের নুলাইবাড়ী গ্রামের শারীরিক প্রতিবন্ধী মোছাঃ মোমেনা খাতুনের স্বামীর শারীরিক নির্যাতনের ন্যায় বিচার প্রাপ্তির শালিশী মামলা দিনাজপুর ব্লাষ্ট অফিসে দায়ের করা হয়েছে।<br>বিবেচ্য মাসে ৮টি ইউনিয়ন পরিষদ এবং ১টি পৌরসভায় বাড়ি বাড়ি গিয়ে ২৪৪৯ জন প্রতিবন্ধী ব্যক্তি সনাক্তকরণ এবং তথ্য সংগ্রহ করা হয়েছে। | দিনাজপুর সদর উপজেলা। | করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |
| ❖ অন্যান্য/বিবিধ | | যেসকল সংস্থা মাসিক প্রতিবেদন জমা দেন নাই তাদের কে আগামী মাস হতে বিনা ব্যর্থতায় প্রতিবেদন জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।<br><br>উল্লেখযোগ্য সংস্থাগুলো হলো- ব্র্যাক, অনন্যা, টিএমএসএস, এসএমএনবি, পল্লী বন্ধু, ইএসডিও, নারীর জন্য নারী, অন্বেষন, পিএসটিসি ইত্যাদি। | | |
| ❖ যে সকল সংস্থা সভায় উপস্থিত হয় নাই। | | অরবিন্দু শিশু হসপিটাল, কাঞ্চন, এসইউপিকে, প্রত্যাশা, সিডিডি, উত্তরণ, এসএমএনবি, এফপিএবি ইত্যাদি সংস্থা সভায় উপস্থিত হয় নাই। | | |

## আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তসমূহঃ

১। প্রতিটি সংস্থা তাদের প্রতিবেদনে সুনিদিষ্টভাবে গৃহীত কার্যক্রম দাখিল করবেন এবং প্রতিটি সংস্থাকে প্রতি মাসের ১ হতে তারিখ থেকে ৭ তারিখের মধ্যে মাসিক সভায় কার্যবিবরনীর ছক মোতাবেক মাসিক প্রতিবেদন জমা দেওয়ার জন্য সিদ্ধার্ন্ত গৃহিত হয়। প্রতিটি এনজিওকে প্রকল্প শুরুর প্রাক্কালে এফ ডি-৬ এর কপি উপজেলা সমাজসেবা অফিসারে এর নিকট জমা দেওয়ার সিদ্ধার্ন্ত গৃহিত হয় এবং প্রকল্প চলাকালে স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিকে সক্রিয়ভাবে অংশগ্রহণ নিশ্চিত করার জন্য সিদ্ধার্ন্ত সভায় গৃহীত হয়।

২। সকল এনজিও/সংস্থা কর্তৃক প্রদেয় স্যানিটেশনসহ সকল সুবিধা প্রদানের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের অনুমতিক্রমে এলাকা নির্বাচনের সিদ্ধান্ত সভায় গৃহীত হয়।

৩। যে সকল এনজিও কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানে ল্যাট্রিন প্রদানের ব্যবস্থা গ্রহণ করে থাকেন তাঁদের ল্যাট্রিন প্রদানের একটি তালিকা জনস্বাস্থ্য প্রকৌশলীকে এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।

৪। অত্র উপজেলার ভিক্ষুক পুর্নবাসনের জন্য ভিক্ষুকের তালিকা মাসিক প্রতিবেদনে এনজিও প্রতিনিধিগন দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গ্রহীত হয়।

৫। সভার কার্যবিবরনীর ছক অনুযায়ী মাসিক প্রতিবেদন প্রদান করার জন্য উপস্থিত সকল এনজিওকে অনুরোধ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন অন্তে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৪/০৫/১৯

মোঃ ফিরুজুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি
দিনাজপুর সদর, দিনাজপুর।
ফোন নং: ০৫৩১-৬৫১২২
E-mail: unodinajpur@mopa.gov.bd

১৪/০৫/১৯

# পরিশিষ্ট - 'ক'

উপস্থিত সদস্যদের নাম ও পদবী ( স্বাক্ষরের ক্রমানুসারে)

১। জনাব মো: আসাদুজ্জামান, উপজেলা সমাজসেবা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর "
২। জনাব মোঃ আব্দুল হান্নান আজাদ, এরিয়া ম্যানেজার, সনাক-টিআইবি, উত্তর বালুবাড়ী, দিনাজপুর "
৩। জনাব মোঃ আনোয়ারুল ইসলাম বাবলু, নির্বাহী পরিচালক, অনুঘটক ডেরগানী-২, রামনগর, দিনাজপুর "
৪। জনাব মোঃ দবিরুল ইসলাম, প্রিন্সিপাল, বিএসডিএ, ঈদগাঁহ আবাসিক এলাকা, দিনাজপুর "
৫। জনাব মো: মোহায়মিনুল ইসলাম, প্রোগ্রাম অফিসার, ডেভেলপমেন্ট কাউন্সিল, ইসলামপাড়া, বিরামপুর দিনাজপুর "
৬। জনাব মো: শরিফুল ইসলাম, জেএসকেএস, ঝানজিরা হাট, সদর, দিনাজপুর "
৭। জনাব মিঃ রমেশ মুরমু, প্রোগ্রাম ম্যানেজার, নুর মিশন বাংলাদেশ, প: শিবরামপুর, সদর, দিনাজপুর। "
৮। জনাব মর্জিনা খাতুন রুপা, প্রোগ্রাম অফিসার, জেএসকেএস, দিনাজপুর ঝানজিরাহাট, সদর, দিনাজপুর। "
৯। জনাব ইস্টের অল্পনা দাস, প্রকল্প ব্যবস্থাপক, মশীহাপাড়া চাইল্ড স্পন্সরশীপ প্রোগ্রাম, দিনাজপুর। "
১০। জনাব মো: আলাউদ্দিন, মাঠ কর্মকর্তা, কারিতাস দিনাজপুর "
১১। জনাব শৈলেন চন্দ্র রায়, প্রজেক্ট সুপারভাইজার, সিডিএ, বালুবাড়ী, সদর, দিনাজপুর। "
১২। জনাব মোঃ মোস্তাক আলী, শাখা ব্যবস্থাপক, ব্র্যাক, আরবান শাখা, সদর, দিনাজপুর। "
১৩। জনাব মোঃ ইয়াসিন আলী, জেলা সমন্বয়কারী, মানব কল্যাণ পরিষদ-এমকেপি, বালুবাড়ী, দিনাজপুর "
১৪। জনাব মোঃ জাহাঙ্গীর আলম, ডিআইমি ম্যানেজার, লাইট হাউস, ফকিরপাড়া, দিনাজপুর। "
১৫। জনাব মোঃ নুরুজ্জামান হক, শাখা ব্যবস্থাপক, নিরা, মির্জাপুর, সদর, দিনাজপুর। "
১৬। জনাব আঃ হামিদ, হেড অব প্রোগ্রাম, এমএনডিএফ, নতুন পাড়া, সদর, দিনাজপুর। "
১৭। জনাব ডিএসএম জিল্লুর রহমান, নির্বাহী পরিচালক, বিবিডিএস, বড়পুল, সদর, দিনাজপুর। "
১৮। জনাব মোঃ দুলাল হোসেন, সাব এগ্রিকালচার ডেভেলোপমেন্ট অফিসার, সোসাইটি ফর উদ্যোগ, ঘাসিপাড়া, দিনাজপুর"
১৯। জনাব অজয় হালদার, হিসাব রক্ষক, আমইর সিডিএসপি বাংলাদেশ, লালুপাড়া, সদর, দিনাজপুর "
২০। জনাব নেভিল ইজেরাদার, কম্পেশন ইন্টার ন্যাশনাল ম্যানেজার, আমইর বিডি-২৪৫ "
২১। জনাব মোঃ মশিউর রহমান, শাখা ব্যবস্থাপক, বুরো বাংলাদেশ, ২নং নিউটাউন, দিনাজপুর সদর, দিনাজপুর। "
২২। জনাব শাহজাদী শিরীন, মনিটরিং অফিসার, পল্লীশ্রী, বালুবাড়ী, দিনাজপুর। "
২৩। জনাব মোঃ শাহীনুর ইসলাম, প্রোগ্রাম সমন্বয়কারী, এফপিএবি, ঘাসিপাড়া, দিনাজপুর "
২৪। জনাব সুদীপ্ত কুমার বসাক, ম্যানেজার, মেরী স্টোপস, বালুবাড়ী, দিনাজপুর "
২৫। জনাব সাইয়েদুল মোরছালিন, এমআইএস অফিসার, এমবিএসকে বালুবাড়ী, দিনাজপুর "
২৬। জনাব অনুকুল চন্দ্র বর্ম্মন, এপিসি ম্যানেজার, দিনাজপুর এপি, ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ, ঈদগাহ/আ/এ, দিনাজপুর "
২৭। জনাব আবু সাঈদ মাহমুদ, জেএসকেএস, ঝানজিরা, সদর, দিনাজপুর "
২৮। জনাব মো: মোজাহার হোসেন, প্রতিনিধি, সমাজ উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র "

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
দিনাজপুর সদর, দিনাজপুর।

স্মারক নং-৪১.০১.২৭৬৪.০০০.০৫.০০৫.২০১৯.-৮৮৮ তারিখ ঃ১৪মে, ২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ
১। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। চেয়রম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ
৪। উপজেলা.........................কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর।
৫। চেয়ারম্যান ,..................নং .............ইউপি সকল দিনাজপুর, দিনাজপুর।
৬। জনাব.....................................এনজিও প্রতিনিধি দিনাজপুর সদর, দিনাজপুর।

মোঃ আসাদুজ্জামান
উপজেলা সমাজসেবা অফিসার
দিনাজপুর সদর,দিনাজপুর